১৭

তারিখ 14 MAY 1997
পৃঃ 7 কলাম 1-6

দৈনিক ইত্তেফাক

61

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির সহিত ৪৩ জন শিক্ষকের সম্পর্কচ্ছেদ

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।। বিশ্ববিদ্যালয়ের ৪৩ জন শিক্ষক বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহিত "সম্পর্কচ্ছেদ" করিয়া পৃথক "সমিতি" গঠনের কথা ঘোষণা করিয়াছে।

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সম্পর্কচ্ছেদ

(১ম পৃঃ পর)

প্রফেসর কিউ, জি, মাহতাবওয়ালীর সভাপতিত্বে শিক্ষকদের একটি গ্রুপের একসভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। "সম্পর্কচ্ছেদকারীদের" মধ্যে উল্লেখযোগ্য হইলেন প্রফেসর কিউ, জি মাহতাবওয়ালী, সাবেক ভিসি প্রফেসর ইউসুফ আলী, প্রফেসর উমার আলী, প্রফেসর কুরবান আলী প্রমুখ। ইহার কারণ হিসাবে সম্পর্ক ছেদকারীদের একজন বলেন, বর্তমানে শিক্ষক সমিতির কর্তা ব্যক্তিরা দলীয়ভাবে সংগঠনকে ব্যবহার করিতেছেন। তাহাদের অভিযোগ, শিক্ষক সমিতির নামে শিক্ষক সমাজের স্বার্থ ও সমিতির গঠনতন্ত্র পরিপন্থী কার্যকলাপ করা হইয়াছে।

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর শহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক আব্বাস আলী পৃথকভাবে তাঁহাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ অস্বীকার করিয়া বলেন, কতিপয় জামায়াতপন্থী ও সুবিধাবাদী শিক্ষক বিভ্রান্তি ছড়ানোর মাধ্যমে ঘোলা পানিতে মাছ শিকারের অপচেষ্টা চালাইতেছে। তাহাদের মদদেই ছাত্র শিবিরের সন্ত্রাসীরা ক্যাম্পাসকে অচল করার পাঁয়তারা চালাইতেছে।

গতকাল (মঙ্গলবার) ছাত্র শিবির ও শিক্ষকদের একটি গ্রুপ আহূত সপ্তাহব্যাপী ধর্মঘটের চতুর্থ দিনের ধর্মঘট উপেক্ষা করিয়া কিছু কাজকর্ম হইয়াছে। প্রায় দুই সপ্তাহ বন্ধ থাকার পর গতকাল বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বাস কড়া পুলিশ প্রহরায় ক্যাম্পাস হইতে নগরীতে চলাচল করে।

এদিকে অব্যাহতিপ্রাপ্ত ভিসি প্রফেসর ইউসুফ আলী পরিবার পরিজনসহ গত সোমবার ভিসির জন্য নির্ধারিত বাসভবন ত্যাগ করিয়াছেন।